২। **সীমাবদ্ধ ভেক্টর (Localized Vector)** : কোনো ভেক্টরের পাদবিন্দু যদি ইচ্ছেমতো পছন্দ করতে দেওয়া না হয় অর্থাৎ কোনো নির্দিষ্ট বিন্দুকে যদি পাদবিন্দু হিসেবে ঠিক করে রাখা হয় তাহলে সেই ভেক্টরকে সীমাবদ্ধ ভেক্টর বলে। কোনো নির্দিষ্ট বিন্দুতে বা নির্দিষ্ট বিন্দু থেকে ক্রিয়াশীল ভেক্টর একটি সীমাবদ্ধ ভেক্টর। যেমন অবস্থান ভেক্টর একটি সীমাবদ্ধ ভেক্টর, কেননা এটি সব সময় প্রসঙ্গ কাঠামোর মূলবিন্দু থেকে আঁকতে হয় (চিত্র : ২.৩)। কোনো লন রোলারকে টানা হচ্ছে। এ টানা বলকে ভেক্টররূপে চিত্রে নির্দেশ করতে হলে এটিকে হাতলের নির্দিষ্ট বিন্দু থেকে আঁকতে হবে। এ অঙ্কিত ভেক্টরটি একটি সীমাবদ্ধ ভেক্টর।



চিত্র : ২·৩

৩। **সদৃশ ভেক্টর (Like Vectors)** : সমজাতীয় দুই বা ততোধিক ভেক্টর যদি একই দিকে ক্রিয়া করে তবে তাদেরকে সদৃশ বা সমান্তরাল ভেক্টর বলে। ২.৪ চিত্রে $\vec{A}$ ও $\vec{B}$ সদৃশ ভেক্টর।



চিত্র : ২·৪

৪। **বিসদৃশ ভেক্টর (Unlike Vectors)** : সমজাতীয় দুটি ভেক্টর যদি বিপরীত দিকে ক্রিয়া করে তবে তাদেরকে বিসদৃশ ভেক্টর বলে। ২·৫ চিত্রে $\vec{A}$ ও $\vec{B}$ বিসদৃশ ভেক্টর।



চিত্র : ২·৫

৫। **সমান ভেক্টর (Equal Vectors)** : সমজাতীয় দুটি ভেক্টরের মান যদি সমান হয় আর তাদের দিক যদি একই দিকে হয় তবে তাদেরকে সমান ভেক্টর বলে।

চিত্র ২·৬-এ $\vec{A}$ ও $\vec{B}$ ভেক্টর দুটি সমান অর্থাৎ $\vec{A} = \vec{B}$

দুটি ভেক্টরের সমতা ভেক্টরদ্বয়ের পাদবিন্দুর অবস্থানের উপর নির্ভর করে না। পাদবিন্দু যেখানেই থাকুক না কেন যদি ভেক্টরদ্বয়ের মান সমান এবং দিক একই দিকে হয়, তাহলেই তারা সমান ভেক্টর হবে। একই দিকে নির্দেশিত সমান দৈর্ঘ্যের দুটি সমান্তরাল রেখা দিয়ে দুটি সমান ভেক্টর বোঝানো হয়।



চিত্র : ২·৬

৬. **ঋণাত্মক বা বিপরীত ভেক্টর (Negative Vector)** : নির্দিষ্ট দিক বরাবর কোনো ভেক্টরকে ধনাত্মক ধরলে তার বিপরীত দিকে সমমানের সমজাতীয় ভেক্টরকে ঋণাত্মক ভেক্টর বা বিপরীত ভেক্টর বলে।

চিত্র ২·৭-এ $\vec{PQ} = \vec{A}$ এবং $\vec{QP} = -\vec{A}$



চিত্র : ২·৭